

PG (CBCS)
M.A. Semester-I Examination, 2022
BENGALI
PAPER: BNG 103
(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ)

Full Marks: 40

Time: 2 Hours

বিভাগ-ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও।

২x৪=৮

- ১) 'পতিত পত্রে বিচলিত পত্রে শ্লুকিত ভবদুপয়ানম।
রচয়তি শয়নং সচকিত নয়নং পশ্যতি তব পস্থানম'।। -
উপরোক্ত শ্লোকটি কোথা থেকে নেওয়া হয়েছে। শ্লোকের অর্থ কী?
- ২) আরে রে বাহই কাহু গাব ছোড়ি/ডগমগ কুগতি গ দেহি' -কোন গ্রন্থের শ্লোক ?
এই শ্লোকের সাথে বাংলা সাহিত্যের কোন গ্রন্থের শ্লোকের সাদৃশ্য রয়েছে?
- ৩) চর্যাপদ সঙ্কলনটি কোন নামে প্রকাশিত হয়? চর্যাপদগুলির আবিষ্কারক কে?
- ৪) 'দুলি দুই পিটা' -কত সংখ্যক পদ? কবির নাম কী ও কত সংখ্যক চরণে কবির উল্লেখ রয়েছে?
- ৫) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির পুঁথি কোথা থেকে কে আবিষ্কার করেন?
- ৬) রামায়ণ কাব্যে কৃষ্ণবাসের আত্মপরিচয় ব্যক্ত করো?



বিভাগ-খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও

৪x৪=১৬

- ১) 'প্রাকৃতপৈঙ্গলে'র কোন শ্লোকের সঙ্গে বিষ্ণু দেব কোন কবিতার মিল রয়েছে? এতে যে যাপিত জীবন ধরা পড়েছে তা আলোচনা করো।
- ২) চর্যাপদগুলিতে বৌদ্ধ সাধকদের জীবনসজ্জির যে পরিচয় আছে তা সংক্ষেপে আলোচনা করো।
- ৩) 'নগর বাহিরে ডেম্বি ...'-পদটির কাব্যসৌন্দর্য সংক্ষেপে ব্যাখ্যা করো।
- ৪) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে 'দান' খণ্ডের কৃষ্ণের কাছে রাখার আত্মসমর্পণের যে চিত্র অঙ্কিত হয়েছে তার পরিচয় দাও।
- ৫) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের মোট খণ্ডসংখ্যা কত? এই কাব্যের দীর্ঘতম খণ্ডটির নাম কী?
এই খণ্ডটি দীর্ঘ হওয়ার কারণ কী?
- ৬) কৃষ্ণবাস ওঝা রামায়ণ অনুবাদে মূল বান্ধিকি রামায়ণ থেকে কোন কোন দিকে স্বাতন্ত্র্য দেখিয়েছেন?



বিভাগ-গ

৮x২=১৬

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।

- ১) 'গীতগোবিন্দম' কাব্যে নির্বাচিত সর্গেঃ মানবজীবনের প্রেমলীলা কোন অনন্য উপায়ে বর্ণিত হয়েছে তা আলোচনা করো।
- ২) চর্যাপদের সাহিত্যমূল্য বিচার করো।
- ৩) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে যেখানেই শেষ বৈষ্ণব পদাবলীর সেখানেই সূচনা' -মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।
- ৪) কৃত্তিবাসী রামায়ণের বাঙালীয়ানার পরিচয় দাও।
